

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: দিলদার হোসেন
উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আহ্বায়ক, “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি
সভার তারিখ : ২৬-০২-২০২০ খ্রি:
সময় : ১০.৩০ টা
স্থান : এনএসডিএস সম্মেলন কক্ষ (রুম নং- ৯২৪), পরিসংখ্যান ভবন।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। অতঃপর “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” এর বিষয়ে সভায় উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি মতামত প্রদান করেন যে, পর্যাপ্ত ব্রেইনস্ট্রিমিং শেষে “Statistical Highlights” এর একটি খসড়া Design তৈরি করতে হবে। তিনি বলেন, ই-মেইলে প্রেরণের জন্য গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরের উচ্চ পর্যায়ের ব্যক্তিবর্গ, বৈদেশিক মিশনগুলোতে কর্মরত রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ এবং গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সমূহের প্রধানগণের/প্রতিষ্ঠানের নিজস্ব ই-মেইল আইডি একটি তালিকা বানানো প্রয়োজন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। সভাপতি এ পর্যায়ে বলেন, গুরুত্বপূর্ণ ইনডিকেটর এর তথ্য সংগ্রহ ও নিয়মিত হালানাগাদের জন্য কমিটিতে বিবিএস হতে এক বা একাধিক পরিসংখ্যান কর্মকর্তাকে কো-অপ্ট করা যেতে পারে। প্রতিমাসে ছক (ক) এবং ছক (খ) অনুযায়ী হালনাগাদ তথ্য “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” এর মাধ্যমে প্রেরণের ব্যাপারে মত ব্যক্ত করা হয়। এতে দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ দেশের সাম্প্রতিক অর্জন ও অগ্রগতি সম্পর্কে অবহিত থাকবেন। এতে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- I. “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” ই-সার্ভিসটির সিস্টেম ডিজাইন আগামী মার্চ/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট এবং জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার -কে এ বিষয়ে দায়িত্ব প্রদান করা হলো।
- II. গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের ই-মেইল আইডি মার্চ/২০২০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। জনাব এফ, এম, আয়াতুল্লাহ আল-নোমানকে, সহকারী প্রোগ্রামার কে বৈদেশিক মিশনগুলোতে কর্মরত রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ এবং গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সমূহের প্রধানগণের/প্রতিষ্ঠানের ই-মেইল আইডি এবং জনাব মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-কে গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরের প্রধানদের/দপ্তরের নিজস্ব ই-মেইল আইডি সংগ্রহের দায়িত্ব প্রদান করা হয়।
- III. গুরুত্বপূর্ণ ইনডিকেটর এর তথ্য নিয়মিত হালানাগাদের জন্য বিবিএস এর এক বা একাধিক পরিসংখ্যান কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে হবে এবং এ বিষয়ে সচিব মহোদয় বরাবর একটি নথি পেশ করতে হবে। প্রোগ্রামার জনাব মু: ওয়াহিদ মুরাদ এ দায়িত্ব পালন করবেন।

অপর পৃষ্ঠার দৃষ্টব্য:

